ভারতের মানচিত্র বদলে দেওয়ার হুঁশিয়ারি পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রীর



ছবি: সংগৃহীত

পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ বলেছেন, ভবিষ্যতে ভারত যদি পাকিস্তানের বিরুদ্ধে কোনো সামরিক পদক্ষেপ নেয়, তাহলে তার পরিণতি হবে ভয়াবহ। তার দাবি, এমন পরিস্থিতি তৈরি হলে ভারতের ভৌগোলিক ও রাজনৈতিক অবস্থান পর্যন্ত বদলে যেতে পারে।

ভারতীয় সেনাপ্রধান উপেন্দ্র দ্বিবেদীর সাম্প্রতিক বক্তব্যের প্রতিক্রিয়ায় জিও নিউজের একটি টকশোতে তিনি এসব কথা বলেন।

খাজা আসিফ দাবি করেন, সাম্প্রতিক ১৯ দিনের সংঘাতে ভারতের অবস্থান দুর্বল হয়েছে এবং তারা সেই ব্যর্থতা আড়াল করার চেষ্টা করছে। তার ভাষায়, ওই সংঘাতের পর ভারতের অভ্যন্তরীণ মর্যাদা ও আত্মবিশ্বাসে ধাক্কা লেগেছে।

তিনি আরও বলেন, সামরিক উত্তেজনার সময় পাকিস্তান পাল্টা অভিযানে ভারতের একাধিক সামরিক লক্ষ্যবস্তুতে আঘাত হানে এবং যুদ্ধবিমান ভূপাতিত করার দাবি করে। তার মতে, প্রায় তিন দিনের বেশি সময় ধরে চলা সংঘাত শেষ হয় আন্তর্জাতিক মধ্যস্থতায় যুদ্ধবিরতির মাধ্যমে।

পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রীর দাবি, আঞ্চলিক রাজনীতিতে ভারতের প্রভাব আগের মতো নেই এবং প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সম্পর্কেও পরিবর্তন এসেছে। একই সঙ্গে তিনি বলেন, পাকিস্তান এখন এ অঞ্চলে তুলনামূলকভাবে শক্ত অবস্থানে রয়েছে, যা ভারত সহজে মেনে নিতে পারছে না।

ভারত ও ইসরায়েলের সম্ভাব্য সমন্বয় প্রসঙ্গে প্রশ্নের জবাবে খাজা আসিফ বলেন, দুই দেশের কৌশলগত স্বার্থে মিল থাকতে পারে এবং ইসরায়েল চায় না এই অঞ্চলে অন্য কোনো শক্তির উত্থান ঘটুক।